ই - সংবাদ

শিক্ষা ও স্বাস্থ্য কমিটির সভা অনুষ্ঠিত

উদয়পুর, ১৮ মার্চ ।। তেপানীয়া পঞ্চায়েত সমিতির শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভা সম্প্রতি সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত হয় । সংশ্লিষ্ট কমিটির সভাপতি উত্তমা সরকার ভদ্রের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বিজন চক্রবর্তী, কমিটির সদস্যগণ সহ বিভিন্ন দপ্তরের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন । সভায় স্বাস্থ্য দপ্তরের প্রতিনিধি জানান, ব্লক এলাকার ৮টি উপ স্বাস্থ্য কেন্দ্রে চিকিৎসা পরিষেবা নিয়মিত চলছে । প্রধানমন্ত্রী মাতৃত্ব সুরক্ষা যোজনায় সন্তান সম্ভবা মহিলাদের স্বাস্থ্য পরীক্ষা গোমতী জেলা হাসপাতাল এবং উদয়পুর মহকুমা হাসপাতালে করা হচ্ছে । বিদ্যালয় শিক্ষা দপ্তরের প্রতিনিধি জানান, ব্লক এলাকায় উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় ৪টি, উচ্চ বিদ্যালয় ৭টি, এস বি ১০টি এবং জে বি স্কুল রয়েছে ১১টি । প্রতিটি বিদ্যালয়ে পঠন পাঠন সহ অন্যান্য কর্মসূচি ভাল ভাবে চলছে । এছাড়া, গোয়াল গাঁও হাই স্কুলকে উন্নীত করার বিষয়ে সভায় প্রস্তাব গৃহীত হয় । জল সম্পদ দপ্তরের প্রতিনিধি জানান, ব্লক এলাকায় ৯৯টি প্রকল্প রয়েছে । প্রতিটি প্রকল্প সচল রয়েছে । এছাড়া, ব্লকে দপ্তরের আলাদা ডিভিশন করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয় । সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের প্রতিনিধি জানান, ব্লক এলাকার ৯২টি অঙ্গনওয়াড়ী কেন্দ্র রয়েছে । আরও নতুন ৪টি অঙ্গনওয়াড়ী কেন্দ্র করা হবে । এর জন্য প্রয়োজনীয় উদ্যোগ চলছে ।

পঞ্চায়েত উন্নয়ন তহবিলে নানা উন্নয়ন কাজ

কমলপুর, ১৮ মার্চ ।। সালেমা পঞ্চায়েত সমিতির পঞ্চায়েত উন্নয়ন তহবিলে বিভিন্ন উন্নয়ন কাজ বাস্তবায়িত হচ্ছে । এরমধ্যে সালেমা কমিউনিটি হল সংস্কারের কাজ চলছে । এতে ব্যয় হবে ১,১৯,৭৯২ টাকা । পঞ্চায়েত সমিতির সভা কক্ষ সহ অন্যান্য কক্ষ সংস্কারে ব্যয় হবে ১ লক্ষ ৩৫ হাজার টাকা । এছাড়া, উক্ত তহবিলে ব্লক এলাকার জামথুম ইংলিশ মিডিয়াম স্কুলে পানীয় জলের জলাধার নির্মাণ এবং মহারাণী ভিলেজে একটি অঙ্গনওয়াড়ী কেন্দ্র সংস্কারের কাজ চলছে । এতে ব্যয় হবে ২, ৫৬, ১৯৮ টাকা । সংশ্লিস্ট ব্লক কার্যালয় থেকে এ তথ্য জানানো হয়েছে ।

বিশালগড়ে ৩,৬৩১টি পরিবারে স্বাস্থ্যসম্মত শৌচালয়

বিশালগড়, ১৮ মার্চ ।। স্বচ্ছ ভারত মিশন প্রকল্পে চলতি অর্থ বর্ষে বিশালগড় ব্লক এলাকায় এ পি এল ভুক্ত ১,৫২১টি এবং বি পি এল ভুক্ত ২,১১০টি পরিবারকে স্বাস্থ্যসম্মত শৌচালয় তৈরী করে দেওয়া হচ্ছে । এদিকে, উক্ত প্রকল্পে গত অর্থ বর্ষে ব্লকের বিভিন্ন পঞ্চায়েতে ৩৯৮টি শৌচালয় তৈরী করে দেওয়া হয় । এম জি এন রেগায় প্রতিটি শৌচালয় নির্মাণে ব্যয় হয় ১২ হাজার টাকা ।

বনাধিকার আইনে উদয়পুরে ৬৩৫টি পরিবারকে ভূমির পাট্টা প্রদান

উদয়পুর, ১৭ মার্চ ।। উদয়পুর মহকুমা প্রশাসনের উদ্যোগে মহকুমার ৬৩৫টি উপজাতি পরিবারকে আজ এক অনুষ্ঠানে বনাধিকার আইনে ভূমির পাট্টা বিতরণ করা হয় । উদয়পুর টাউন হলে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বনমন্ত্রী নরেশ জমাতিয়া । অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিধায়ক মাধব সাহা । বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গোমতী জেলার জেলা শাসক রাভেল হেমেন্দ্র কুমার, জেলা বনাধিকারিক শক্তি সিং, মহকুমা শাসক শুভাশীষ বন্দ্যোপাধ্যায়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মহকুমা ওয়েলফেয়ার অফিসার সুধন দেববর্মা। অনুষ্ঠানে বনমন্ত্রী নরেশ জমাতিয়া বক্তব্য রাখতে গিয়ে বলেন, সারা রাজ্যে ১ লক্ষ ২৪ হাজারেরও বেশী পরিবারকে বনাধিকার আইনে ভূমির পাট্টা বিতরণ করা হয়েছে । রাজ্য সরকার উপজাতি এলাকায় বসবাসকারী সকল ভূমিহীন পরিবারকে পাট্টা দেওয়ার কাজ করছে । শুধু ভূমির পাট্টা দেওয়াই নয়, তাদের স্বনির্ভর করার জন্য বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। প্রধান অতিথি বিধায়ক মাধব সাহা বলেন, বনাধিকার আইনে রাজ্য সরকার উপজাতিদের মধ্যে জমির পাট্টা বিতরণ করছে । পাট্টা প্রাপ্ত জমিতে বসবাসের জন্য ঘরও নির্মাণ করে দেওয়া হচ্ছে । এছাড়া অনুষ্ঠানে বক্তব্য রাখেন জেলা শাসক রাভেল হেমেন্দ্র কুমার, জেলা বনাধিকারিক শক্তি সিং । অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন উদয়পুর মহকুমা শাসক শুভাশীষ বন্দ্যোপাধ্যায়।

বিশালগড় বইমেলার সমাপ্তি

সমাজ থেকে হিংসা দূর করার লক্ষ্যে বইকে কাজে লাগাতে হবে ঃ তথ্য ও সংস্কৃতি মন্ত্রী

বিশালগড়, ১৭ মার্চ ।। ব্যাপক অংশের মানুষের উপস্থিতির মধ্য দিয়ে গতকাল শেষ হয়েছে দ্বাদশতম বিশালগড় বইমেলা । বিশালগড় টাউন গার্লস হাইস্কুল মাঠে তিনদিন ব্যাপী বইমেলার সমাপ্তি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্যের তথ্য ও সংস্কৃতি মন্ত্রী ভানুলাল সাহা । সমাপ্তি অনুষ্ঠানে প্রধান অতিথির সংক্ষিপ্ত ভাষণে তথ্য ও সংস্কৃতি মন্ত্রী বলেন, বই মানুষকে সুস্থ চিন্তা চেতনা দান করে এবং বই সমাজকে এগিয়ে নিয়ে যাওয়ার পথ দেখায় । সমাজ পরিবর্তনের জন্য বইকে হাতিয়ার করতে হবে । সমাজ থেকে বিভিন্ন ভেদাভেদ হিংসা দুর করার লক্ষ্যে একে কাজে লাগাতে হবে । তিনি বলেন, রাজ্যের সর্বত্র আজ বইমেলার আয়োজন করা হচ্ছে । ভবিষ্যৎ প্রজন্মের মধ্যে বই সম্পর্কে আগ্রহ বাড়াতে হবে । সমাপ্তি অনুষ্ঠানে মুক্তমঞ্চে রাজ্যের নানা প্রান্ত থেকে আগত প্রখ্যাত শিল্পীরা সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন । অনুষ্ঠান শেষে ক্যুইজ প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন তথ্য ও সংস্কৃতি মন্ত্রী ভানুলাল সাহা সহ অন্যান্য অতিথিগণ । সমাপ্তি অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশালগড় পুর পরিষদের চেয়ারপার্সন পূর্ণিমা চক্রবর্তী। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশালগড় পুর পরিষদের ভাইস চেয়ারম্যান পার্থ প্রতীম মজুমদার, বিশালগড় পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান দিলীপ পাল, বিশালগড় মহকুমা শাসক নান্টুরঞ্জন দাস, বিশালগড় পুর পরিষদের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক জয়দীপ চক্রবর্তী ।

This document was created using Smart PDF Converter
To remove this message purchase the product at www.SmartPDFConverter.com

দেবীপুরে রাজ্য ভিত্তিক বিজু মেলা ১৩ - ১৫ এপ্রিল

শান্তিরবাজার, ১৭ মার্চ ।। রাজ্য ভিত্তিক বিজু মেলা বকাফা ব্লকের দেবীপুরে আগামী ১৩-১৫ এপ্রিল অনুষ্ঠিত হবে । এ উপলক্ষ্যে সম্প্রতি দেবীপুর মাল্টিপারপাস কমিউনিটি হলে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয় । দক্ষিণ ত্রিপুরা জেলার জেলা শাসক সি কে জমাতিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় শান্তির বাজার মহকুমা শাসক বিশ্বশ্রী বি, বকাফা ব্লকের বি ডি ও প্রদীপ সরকার প্রমুখ উপস্থিত ছিলেন । তিনদিন ব্যাপী এই মেলাকে সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সভা থেকে বিধায়ক অরুণ চাকমাকে চেয়ারম্যান এবং জেলা শাসক সি কে জমাতিয়াকে আহ্বায়ক করে ৭৯ সদস্য বিশিষ্ট প্রস্তুতি কমিটি গঠন ছাড়াও বিধায়ক যশবীর ত্রিপুরাকে চেয়ারম্যান করে ২৪ সদস্য বিশিষ্ট কার্যকরী কমিটি এবং ২১টি উপ কমিটি গঠন করা হয়েছে ।

নাট্য লিখন কর্মশালা সমাপ্ত

আগরতলা, ১৭ মার্চ ।। ন্যাশনাল স্কুল অব ড্রামা এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের যৌথ উদ্যোগে নজরুল কলাক্ষেত্রের সভা কক্ষে আয়োজিত ১৪ দিন ব্যাপী নাট্য লিখন কর্মশালা আজ শেষ হয়েছে । সমাপ্তি অনুষ্ঠানে প্রধান অতিথি তথ্য ও সংস্কৃতি দপ্তরের মন্ত্রী ভানুলাল সাহা সহ রাজ্যের বিশিষ্ট নাট্য ব্যক্তিত্বগণ কর্মশালায় অংশ গ্রহণকারী রাজ্যের বিভিন্ন প্রান্তের নাট্য কর্মীদের হাতে অভিজ্ঞান পত্র তুলে দেন ।প্রধান অতিথির ভাষণে তথ্য ও সংস্কৃতি মন্ত্রী শ্রী সাহা বলেন, রাজ্য সরকার সংস্কৃতির বিভিন্ন অঙ্গণ লোক সংস্কৃতি, ধ্রুপদী সংস্কৃতি সহ যাত্রা ও নাট্য ধারাকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ নিয়েছে । যুব নাট্য কর্মীদের আরও উৎসাহ দানের লক্ষ্যে মহকুমা ও জেলা পর্যায়ে নাট্য উৎসব ও নাট্য কর্মশালা সংঘটিত করছে । আগামী দিনেও এই কর্মসূচিগুলি অব্যাহত থাকবে বলে তিনি জানান । উল্লেখ্য, গত ২মার্চ থেকে এরাজ্যের ২০ জন নাট্য কর্মীকে নিয়ে নাট্য লিখনের এই কর্মশালার শুরু হয়েছিল।

ধর্মনগরে ভক্তি প্রভা সঙ্গীতানুষ্ঠানের উদ্বোধন

ধর্মনগর, ১৭ মার্চ ।। সঙ্গীত নাটক একাডেমীর উত্তর-পূর্বাঞ্চল কেন্দ্রের উদ্যোগে তিনদিন ব্যাপী ভক্তি প্রভা সঙ্গীতানুষ্ঠান গতকাল ধর্মনগরে বিবেকানন্দ সার্ধ শতবার্ষিকী ভবনে শুরু হয়েছে । অনুষ্ঠানের সহযোগিতায় রয়েছে তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং ধর্মনগর পুর পরিষদ। সঙ্গীতানুষ্ঠানের উদ্বোধন করেন বিশিষ্ট কবি ঋষিকেশ নাথ । সভাপতিত্ব করেন ধর্মনগর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মানিক লাল নাথ । উদ্বোধনী অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন প্রাক্তন বিধায়ক অমিতাভ দত্ত। স্বাগত ভাষণ দেন সঙ্গীত নাটক একাডেমীর উত্তর-পূর্বাঞ্চল কেন্দ্রের অধিকর্তা রাজু দাস । উদ্বোধকের ভাষণে কবি ঋষিকেশ নাথ বলেন, সংস্কৃতির কোন জাত-ধর্ম নেই । সংস্কৃতি চর্চার মাধ্যমে মানুষের মনে অনাবিল আনন্দ সৃষ্টি করা যায়, মানুষের কাছে পৌঁছে যাওয়া যায় । নাচ, গানের সাথে জড়িয়ে থাকে সমাজ জীবনের চিত্র। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ধর্মনগর পুর পরিষদের ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি উমা মিত্র চক্রবর্তী, রাষ্ট্রপতি পদক প্রাপ্ত অবসর প্রাপ্ত প্রধান শিক্ষক গৌর গোপাল ব্যানার্জি, সাংস্কৃতিক ব্যক্তিত্ব কানাই লাল দত্ত ও সঙ্গীত নাটক একাডেমীর কর্মকর্তা দীপক যোশী । ধন্যবাদ সূচক বক্তব্য রাখেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা দেবাশিস নাথ । উত্তর-পূর্বাঞ্চলের ৮টি রাজ্যের শিল্পীরা এই অনুষ্ঠানে যোগ দিয়েছেন ।

সর্বশিক্ষা অভিযানের কর্মশালা অনুষ্ঠিত

কৈলাসহর, ১৭ মার্চ ।। গৌরনগর ব্লক কো-অর্ডিনেটরের কার্যালয়ের উদ্যোগে আজ কৈলাসহর টাউন হলে সর্বশিক্ষা অভিযান কর্মসূচীর উপর কর্মশালা অনুষ্ঠিত হয় । কৈলাসহর পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মণীষ সাহা এই কর্মশালার উদ্বোধন করেন । কর্মশালায় বিভিন্ন বিদ্যালয়ের পরিচালন কমিটির সদস্যগণ শিক্ষক-শিক্ষিকাগণ উপস্থিত ছিলেন । কর্মশালার উদ্বোধন করে পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মণীষ সাহা বলেন, রাজ্য সরকার শিক্ষায় অগ্রাধিকার দিয়েছে । সর্বশিক্ষা অভিযান কর্মসূচীতে যে সব কর্মসূচী রয়েছে তা সফল করে তুলতে সংশ্লিষ্টদের আরো আন্তরিক হতে হবে । ড্রপ- আউট ছাত্র-ছাত্রীর সংখ্যা শূন্যে নামিয়ে আনার জন্য প্রয়াস অব্যাহত রাখতে হবে । কর্মশালায় গৌরনগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান ইনুস মিয়া খাদিম অন্যান্য অংশের ছাত্রছাত্রীদের পাশাপাশি বাগিচা শ্রমিকদের ছেলে মেয়েদের ও সংখ্যালঘু অংশের মহিলাদের শিক্ষায় এগিয়ে নেবার আহ্বান জানান । কর্মশালায় স্বাগত ভাষণ দেন জেলা শিক্ষা কার্যালয়ের প্রতিনিধি জ্ঞান প্রবীন চাকমা ।

রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযান ঃ ১১টি বিদ্যালয়ের পাকাবাড়ী

বিশ্রামগঞ্জ, ১৭ মার্চ ।। রাষ্ট্রীয় মাধ্যমিক শিক্ষা অভিযানের বরাদ্দ অর্থে সিপাহীজলা জেলায় ১১টি উচ্চ বিদ্যালয়ের পাকাবাড়ী নির্মাণের কাজ হাতে নেয়া হয়েছিল । এর মধ্যে পাঁচনালিয়া হাই, রাঙ্গামুড়া হাই, তরণী সুন্দরী হাই, গিলামুড়া হাই, গারোরবন হাই, চন্দন মুড়া হাই ও পোয়াংবাড়ী হাই স্কুলের পাকাবাড়ী নির্মাণের কাজ শেষ হয়েছে । প্রতিটি বিদ্যালয়ের পাকাবাড়ী নির্মাণে ব্যয় হয়েছে ৫৭ লক্ষ ১২ হাজার টাকা । অন্যদিকে এই কর্মসূচীতে মতিন নগর হাই ও কলমক্ষেত হাইস্কুলের পাকাবাড়ী নির্মানের কাজ চলছে এবং কালীকৃষ্ণনগর হাই ও নির্ভরপুর হাইস্কুলের পাকাবাড়ীর নির্মাণ কাজ খুব শীঘ্রই শুরু হবে । এগুলি ছাড়াও এম এস ডি পিতে জেলার ২৬টি বিদ্যালয়ের পাকাবাড়ী নির্মাণের কাজ হাতে নেয়া হয়েছে । এই প্রকল্পে প্রতিটি বিদ্যালয়ের পাকাবাড়ী নির্মাণে ব্যয় হবে ২৫ লক্ষ টাকা । জেলা শিক্ষা কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে ।

মাধ্যমিক- ২০১৭ ঃ পঞ্চম দিন শান্তিপূর্ণ

আগরতলা, ১৭ মার্চ ।। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০১৭ সালের মাধ্যমিক, মাদ্রাসা মাধ্যমিক ও মাদ্রাসা আলিম পরীক্ষার পঞ্চম দিনে আজ ছিল জীবন বিজ্ঞান বিষয়ের পরীক্ষা ।রাজ্যের মোট ৭৫টি মাধ্যমিক পরীক্ষা কেন্দ্রের মধ্যে যে কয়েকটি পরীক্ষা কেন্দ্রের সঙ্গে যোগাযোগ করা সম্ভব হয়েছে, তাতে জানা যায় সেইসব পরীক্ষা কেন্দ্রের অবস্থা শান্তিপূর্ণ ছিল । আজকের এই পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্য কোন ছাত্র বা ছাত্রীকে বহিস্কার করার সংবাদ পাওয়া যায় নি । অবশ্য সব পরীক্ষা কেন্দ্রের সব তথ্য এই সংবাদ প্রেরণ পর্যন্ত পাওয়া যায় নি । ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের সচিব এক প্রেস রিলিজে এই সংবাদ জানিয়েছেন ।

This document was created using SmartPDF Converter. To remove this message purchase the product at www.SmartPDFConverter.com

পূর্ব চন্দ্রপুর আর এফ ভিলেজে রেগায় নানা কাজ

উদয়পুর, ১৭ মার্চ ।। মাতাবাড়ি ব্লকের পূর্ব চন্দ্রপুর আর এফ ভিলেজে এম জি এন রেগার মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কাজ বাস্তবায়িত হয়েছে । এরমধ্যে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে ৪টি কাঁচা রাস্তা সংস্কারে ব্যয় হয়েছে ৫ লক্ষ ৯৯ হাজার ১৪৮ টাকা । শ্রমদিবস সৃষ্টি হয়েছে ৩ হাজার ৭৭৫টি । ৪টি জমি সমতলকরণে ব্যয় হয়েছে ৩ লক্ষ ৪১ হাজার ৮৬৮ টাকা । শ্রমদিবস সৃষ্টি হয়েছে ২ হাজার ২১২টি । এছাড়া, ১০ জন বেনিফিসিয়ারিকে রাবার বাগান করে দেওয়া হয়েছে । এতে ব্যয় হয়েছে ৪ লক্ষ ৫৯ হাজার ৩৯০ টাকা । শ্রমদিবস সৃষ্টি হয়েছে ১ হাজার ৬৮০টি। অপরদিকে পূর্ব জোলাইবাড়ি অঙ্গনওয়াড়ী কেন্দ্র ও পূর্ব জোলাইবাড়ি জে বি স্কুলে পাকা শৌচালয় নির্মাণে ব্যয় হয়েছে ১ লক্ষ টাকা । এছাড়া, ১৯ হাজার ১২ টাকা ব্যয় করে পঞ্চায়েত অফিসের নিকট পরিশোধনীয় পানীয় জলের ট্যাংক নির্মাণ করা হয়েছে । গত অর্থ বছরে ইন্দিরা আবাস যোজনায় এই ভিলেজের ১১টি দুঃস্থ পরিবারকে এবং রাজ্য আবাসন প্রকল্পে ৩টি পরিবারকে গৃহ নির্মাণ করে দেওয়া হয়েছে ।

সিপাহীজলা জেলায় দীন দয়াল উপাধ্যায় গ্রাম যোজনায় বিদ্যুৎ সংযোগ

বিশ্রামগঞ্জ, ১৭ মার্চ ।। সিপাহীজলা জেলা বিদ্যুৎ নিগম কার্যালয়ের উদ্যোগে দীন দয়াল উপাধ্যায় গ্রাম জ্যোতি যোজনার আওতায় বিভিন্ন গ্রাম পঞ্চায়েত ও এ ডি সি ভিলেজে বৈদ্যুতিক লাইন সংযোগ করে দেবার কাজ চলছে । এই কর্মসূচিতে এখন পর্যন্ত ১১৭টি গ্রাম পঞ্চায়েত ও এ ডি সি ভিলেজ এলাকায় বিদ্যুৎ সংযোগ দেওয়া হয়েছে । এছাড়া, রাজীব গান্ধী গ্রামীণ বিদ্যুতায়ন যোজনায় এখন পর্যন্ত ১১ কে ভি লাইন ১৩১ কিঃমিঃ এবং ৩৫৮ কিঃমিঃ এল টি লাইন সংযোগ দেওয়া হয়েছে। উল্লেখ্য, এখন পর্যন্ত জেলাতে ৪৬৪২টি বি পি এল পরিবারে বিদ্যুৎ সংযোগ করে দেওয়া হয়েছে ।

কমলাছড়া ভিলেজে প্রশাসনিক শিবির অনুষ্ঠিত

আমবাসা, ১৭ মার্চ ।। আমবাসা মহকুমা প্রশাসনের উদ্যোগে আমবাসা ব্লকের কমলাছড়া এ ডি সি ভিলেজের শিববাড়ি জে বি স্কুলে গতকাল প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয় । শিবিরে বিভিন্ন পরিষেবা দেওয়ার পাশাপাশি উক্ত ভিলেজের বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতি নিয়ে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয় । শিবিরে মহকুমা শাসক মুক্তিপদ পাল সহ বিভিন্ন দফতরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন । শিবিরে প্রশাসনের পক্ষ থেকে ৩১টি পি আর টি সি, ৩১টি এস টি, ১টি ইনকাম সার্টিফিকেট দেওয়া হয় । স্বাস্থ্য দপ্তর থেকে ২৫ জনের স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয় । এছাড়া, প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে গৃহপালিত পশু পাখির রোগ প্রতিরোধক ঔষধ প্রাণী পালকদের দেওয়া হয় ।

উদয়পুরে কো-অর্ডিনেশন কমিটির সভা অনুষ্ঠিত

উদয়পুর, ১৭ মার্চ ।। গোমতী জেলায় পরিস্রুত পানীয় জল ও সার্বিক স্বাস্থ্য বিধি, স্বাস্থ্য পরিষেবা সহ অগ্রগতি এবং বিভিন্ন দপ্তরের মাধ্যমে যে সমস্ত প্রকল্পের কাজ চলছে সেগুলির অগ্রগতি নিয়ে সম্প্রতি গোমতী জেলা শাসকের কনফারেন্স হলে কো-অর্ডিনেশন কমিটির সভায় এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয় । সভায় সভাপতিত্ব করেন গোমতী জেলার অতিরিক্ত জেলা শাসক অনিমেষ দাস । সভায় বিভিন্ন দপ্তরের সমন্বয়ের মাধ্যমে উন্নয়নমূলক কাজগুলি সম্পন্ন করার লক্ষ্যে বিস্তারিত আলোচনা করা হয় । স্বাস্থ্য দপ্তরকে আসন্ন শুখা মরশুমে জলবাহিত রোগ প্রতিরোধে আগাম ব্যবস্থা নেওয়া, জনবহুল এলাকাগুলিতে স্বাস্থ্য শিবির করা, যে সমস্ত এলাকায় রোগের প্রকোপ থাকতে পারে সে সমস্ত অঞ্চলে বিশেষ উদ্যোগ নেওয়ার পাশাপাশি ম্যালেরিয়া প্রবণ অঞ্চলে ডি ডি টি ছড়ানোর কাজ হাতে নিতে স্বাস্থ্য দপ্তরকে বলা হয়েছে । সভায় আসন্ন শুখা মরশুমে গোমতী জেলার কোথাও যাতে পানীয় জলের সংকট দেখা না দেয় সেজন্য আগাম সতর্কতামূলক ব্যবস্থা নেওয়ার পাশাপাশি জলের উৎসগুলি সচল রাখার জন্য সংশ্লিষ্ট দপ্তরকে পরামর্শ দেওয়া হয় । পূর্ত দপ্তরের অধীন যে সমস্ত রাস্তা ও ব্রীজ নির্মাণের কাজ চলছে সেগুলি দ্রুত সম্পন্ন করার জন্য সভায় আলোচনা হয় । এছাড়া সভায় বন, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা, ব্লক ও মহকুমা প্রশাসন সহ অন্যান্য দপ্তরের কাজকর্ম নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় ।

ব্রক্ষকুন্ড মেলা ৩ এপ্রিল থেকে

মোহনপুর, ১৭ মার্চ ।। প্রতি বছরের ন্যায় এবারও তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং ব্রক্ষকুন্ড মেলা কমিটির যৌথ উদ্যোগে আগামী ৩ এপ্রিল থেকে শুরু হবে ঐতিহ্যবাহী ব্রক্ষকুন্ড মেলা । চলবে ৫ এপ্রিল পর্যন্ত । এই মেলাকে সুষ্ঠুভাবে সম্পন্ন করে তোলার লক্ষ্যে সম্প্রতি ব্রক্ষকুন্ড গ্রাম পঞ্চায়েত হলে প্রস্তুতি কমিটির সভা অনুষ্ঠিত হয় । মেলা কমিটির সভাপতি বিধায়ক প্রণব দেববর্মার সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয় । গৃহীত সিদ্ধান্তনুযায়ী মেলাতে বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের প্রদর্শনী ষ্টল খোলা হবে, থাকবে সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি । মেলার জন্য ভিটি বন্টন করা হবে আগামী ৩০ ও ৩১ মার্চ । এই মেলাকে সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিধায়ক প্রণব দেববর্মাকে সভাপতি এবং মোহনপুর মহকুমা শাসক জয়ন্ত দেববর্মাকে আহ্বায়ক করে ৬৯ সদস্য বিশিষ্ট একটি কার্যকরী কমিটি ও ৯টি বিভিন্ন উপ কমিটি গঠন করা হয়। সভায় হেজামারা বি এ সির চেয়ারম্যান এম ডি সি কুমুদ দেববর্মা, মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান গীতা দেব, মহকুমা শাসক জয়ন্ত দেববর্মা প্রমুখ উপস্থিত ছিলেন ।

সামাজিক ন্যায় বিচার কমিটির সভা অনুষ্ঠিত

উদয়পুর, ১৭ মার্চ ।। গোমতী জিলা পরিষদের সামাজিক ন্যায় বিচার বিষয়ক স্থায়ী কমিটির সভা সম্প্রতি পরিষদের সভাকক্ষে অনুষ্ঠিত হয় । স্থায়ী কমিটির সভাপতি শেফালী সূত্রধরের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় স্থায়ী কমিটির সদস্যগণ সহ সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন । সভায় সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের প্রতিনিধি জানান, জেলার মোট ৩৫,৩৯৪ জন বিভিন্ন সামাজিক সুরক্ষা ভাতা পাচ্ছেন । অঙ্গনওয়াড়ী কেন্দ্রের শৌচালয় এবং পানীয় জলের উৎসগুলি সংস্কারে সভায় আলোচনা হয় । উপজাতি কল্যাণ দপ্তরের প্রতিনিধি জানান, গোমতী জেলাতে ২১,৯৮০ জনকে বনাধিকার আইনে পাট্টা দেওয়ার উদ্যোগ নেয়া হয়েছে । শ্রম দপ্তরের প্রতিনিধি জানান, শ্রমিক সহায়িকা প্রকল্পে চলতি অর্থ বছরে ১২৭৭ জনকে নথীভুক্ত করা হয় । এই প্রকল্পে শিক্ষা ক্ষেত্রে সহায়তার জন্য ৩৩৯ জনকে ১ লক্ষ ৩২ হাজার টাকা সহায়তা করা হয়েছে । এছাড়া কন্যা সন্তান সুরক্ষা যোজনায় ৫ জনকে ২০ হাজার টাকা আর্থিক সহায়তা করা হয়েছে ।

This document was created using Smart PDF Converter, to remove this message purchase the product at www.SmartPDFConverter.com

মুখ্যমন্ত্রী সকাশে ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল

আগরতলা, ১৬ মার্চ ।। নয়াদিল্লীর এডিশনাল ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল শ্রীমতি মালা সিনহা আজ সন্ধ্যায় সচিবালয়ে মুখ্যমন্ত্রী মানিক সরকারের সঙ্গে সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন । তাঁকে হার্দিক শুভেচ্ছা জানান মুখ্যমন্ত্রী । সাক্ষাৎকালে শ্রীমতি মালা সিনহার হাতে স্মারক উপহার তুলে দেন মুখ্যমন্ত্রী মানিক সরকার ।

জিরানীয়ায় স্বাস্থ্য ও পুষ্টি দিবসের কর্মসূচি

জিরানীয়া, ১৬ মার্চ ।। জিরানীয়া গ্রামীণ স্বাস্থ্য কেন্দ্রের উদ্যোগে আগামী ১৭-২০ মার্চ মহকুমার ১৩টি অঙ্গনওয়াড়ী কেন্দ্রে স্বাস্থ্য ও পুষ্টি দিবস আয়োজিত হবে। কর্মসূচি অনুযায়ী ১৭ মার্চ শিবির হবে বেলটিলা, বর্ধমানঠাকুর পাড়া, কুঞ্জবিহারী পাড়া, জয়নগর অঙ্গনওয়াড়ী কেন্দ্র ও উত্তর জয়নগর রজনীকান্ত পাড়া এবং পশ্চিম বিশ্রামবাড়ী অঙ্গনওয়াড়ী কেন্দ্রে । ১৮ মার্চ হবে রামবাবু পাড়া ও এসরাই পাড়া অঙ্গনওয়াড়ী কেন্দ্রে এবং মাধববাড়ী উপস্বাস্থ্য কেন্দ্রে । ১৯ মার্চ হবে দশরামবাড়ী ২ নং এবং জয়নগর পঞ্চায়েতের ২ নং অঙ্গনওয়াড়ী কেন্দ্রে । ২০ মার্চ শিবির হবে ভগবান কোবরা পাড়া এবং পশ্চিম কৈয়াচাঁদবাড়ী অঙ্গনওয়াড়ী কেন্দ্রে । সংশ্লিষ্ট স্বাস্থ্য কেন্দ্রের পক্ষ থেকে এ তথ্য জানানো হয়েছে ।

কমলপুরে বইমেলা ৪ এপ্রিল থেকে

কমলপুর, ১৬ মার্চ ।। কমলপুর নগর পঞ্চায়েতের উদ্যোগে ৫ দিন ব্যাপী বইমেলা আগামী ৪ এপ্রিল থেকে কমলপুর টাউনহলে শুরু হবে । এ উপলক্ষ্যে সম্প্রতি টাউনহলে নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সুব্রত ভট্টাচার্যের সভাপতিত্বে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয় । সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক অঞ্জন দাস, নগর পঞ্চায়েতের সদস্যগণ, নগর পঞ্চায়েতের কার্যনির্বাহী আধিকারিক পরিমল মজুমদার, বিভিন্ন দপ্তরের প্রতিনিধি সহ সাংস্কৃতিক সংস্থার সদস্যগণ । সভায় সিদ্ধান্ত হয়, অনুষ্ঠিতব্য বইমেলায় ৪০টি ষ্টল খোলা হবে । মেলা চলাকালীন প্রতিদিন সন্ধ্যায় পরিবেশিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান । বই মেলাকে সুন্দর ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সভা থেকে বিভিন্ন কমিটি গঠন করা হয়েছে ।

ধলাই জেলায় ১৪টি নতুন গভীর নলকূপ

আমবাসা, ১৬ মার্চ ।। ধলাই জেলায় পানীয় জলের সুবিধার্থে চলতি অর্থ বছরে পানীয় জল ও স্বাস্থ্য বিধান দপ্তরের বরাদ্দ অর্থে জেলার আমবাসা, গঙ্গানগর, সালেমা, দুর্গাচৌমুহনী, মনু, ছামনু, ডম্বরনগর, রইস্যাবাড়ী ব্লক এলাকায় ১৪টি ডিপটিউবওয়েল খনন করা হয়েছে । এর জন্য ৩ কোটি টাকা ব্যয় হয়েছে । ১৪টি ডিপটিউবওয়েল চালু হলে ৮টি ব্লক এলাকার ১,৪৫০ পরিবার উপকৃত হবে । এছাড়া, পানীয় জল ও স্বাস্থ্য বিধান দপ্তরের ব্যবস্থাপনায় ফেব্রুয়ারী মাসের প্রথম সপ্তাহ থেকে ছামনু ব্লক এলাকার ১৪টি পাড়াতে এবং মনু ব্লক এলাকার ৩টি পাড়াতে ট্যাংকারে করে পানীয় জল পৌঁছে দেয়া হচ্ছে ।

পাসপোর্ট মেলা ১৮মার্চ

আগরতলা, ১৬ মার্চ ।। আগামী ১৮-মার্চ ২০১৭ আগরতলার লেনিন সরণীতে জ্যাকশন গেইটস্থিত বিল্ডিং-এ পাসপোর্ট সেবা লঘু কেন্দ্রে পাসপোর্ট মেলা অনুষ্ঠিত হবে । আবেদনকারীদের অনুরোধ করা হয়েছে অন লাইন এপ্লিকেশনের রেফারেন্স নম্বর সীটের সাথে অন্যান্য প্রয়োজনীয় নথীপত্র যেমন-পরিচয় পত্র, ঠিকানা এবং জন্ম তারিখের প্রমাণ পত্র অরিজিনাল ও সেলফ এটাসটেড কপি নিয়ে আসতে হবে । যে সমস্ত আবেদন পত্র সাক্ষাৎকারের জন্য আজ বিকেল সাড়ে তিনটায় www.passportindia.gov.in ওয়েবসাইটে রিলিজ করা হয়েছে, সেই আবেদন পত্রগুলির মধ্যে ১০০টি আবেদন পত্র পাসপোর্ট মেলায় গ্রহণ করা হবে । এ সংক্রান্ত বিস্তারিত তথ্য www.passportindia.gov.in ওয়েবসাইটে পাওয়া যাবে ।

দক্ষিণ ত্রিপুরা জেলা ভিত্তিক ধ্রুপদী সঙ্গীতানুষ্ঠান সমাপ্ত

বিলোনীয়া, ১৬ মার্চ ।। দুদিন ব্যাপী দক্ষিণ ত্রিপুরা জেলা ভিত্তিক ধ্রুপদী সঙ্গীতানুষ্ঠান গত ১৪ মার্চ বিলোনীয়া টাউন হলে সমাপ্ত হয়েছে । তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং বিলোনীয়া পুর পরিষদের যৌথ উদ্যোগে আয়োজিত এই সঙ্গীতানুষ্ঠান গত ১৩ মার্চ শুরু হয়েছিল । সেদিন বিকাল ৫টায় বিলোনীয়া টাউন হলে ধ্রুপদী সঙ্গীতানুষ্ঠানের উদ্বোধন করেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি হিমাংশু রায় । উপস্থিত ছিলেন বিলোনীয়া পুর পরিষদের চেয়ারপার্সন শুভ্রা মিত্র, ভাইস চেয়ারপার্সন তথা অনুষ্ঠানের সভাপতি সুবল রায়, জেলা শাসক সি কে জমাতিয়া, জেলা পুলিশ আধিকারিক তপন দেববর্মা, এস আই ও মনোজ দেববর্মা প্রমুখ । দুদিন ব্যাপী এই অনুষ্ঠানে রাজ্যের ও বহি:রাজ্যের শিল্পীরা মণিপুরী নৃত্য (কথাকলি), ভারত নাট্যম,কত্থক নৃত্য, কুচিপুরী নৃত্য, শাস্ত্রীয় সঙ্গীত, হারমোনিয়াম ও তবলা লহরা পরিবেশন করেন ।

বগাবাসা বিদ্যালয়ে সাংস্কৃতিক কর্মশালা শুরু

সোনামুড়া, ১৬ মার্চ ।। তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং নলছড় পঞ্চায়েত সমিতির যৌথ উদ্যোগে সপ্তাহব্যাপী সাংস্কৃতিক কর্মশালা ১৪ মার্চ থেকে বগাবাসা উচ্চ বিদ্যালয়ে শুরু হয়েছে । এদিন এক অনুষ্ঠানের মধ্য দিয়ে কর্মশালার উদ্বোধন করেন নলছড় পঞ্চায়েত সমিতির কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি নিত্যানন্দ দেবনাথ । উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন নলছড় পঞ্চায়েত সমিতির শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সুকুমার নমঃ, বিদ্যালয়ের প্রধান শিক্ষক জীবন দেবনাথ প্রমুখ । এই কর্মশালায় বগাবাসা উচ্চ বিদ্যালয়, বগাবাসা দক্ষিণ জে বি স্কুল, রবীন্দ্রনাথ জে বি স্কুল এর দেড় শতাধিক ছাত্র ছাত্রীকে সংগীত, নৃত্য ও আবৃত্তি বিষয়ে প্রশিক্ষণ দেয়া হচ্ছে ।

বিশালগড়ে বসন্ত উৎসব ২০ মার্চ

বিশালগড়, ১৬ মার্চ ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং ত্রিপুরা সংস্কৃতি সমন্বয় কেন্দ্রের বিশালগড় বিভাগের সহযোগিতায় আগামী ২০ মার্চ বিকাল ৩ টায় নারী মঙ্গল সি আর সি হলে অনুষ্ঠিত হবে বিশালগড় মহকুমা ভিত্তিক বসন্ত উৎসব । অনুষ্ঠানের উদ্বোধন করবেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি ফকরউদ্দিন আহমেদ । সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিশালগড় পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন পার্থপ্রতিম মজুমদার এবং বিশালগড় মহকুমা শাসক নান্টুরঞ্জন দাস । অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বিশালগড় পুর পরিষদের চেয়ারপার্সন পূর্ণিমা চক্রবর্তী ।

This document was created using Solid PDF Converter. To remove this message purchase the product at www.SolidPDFConverter.com